

## 💵 কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায়: আরকানুল ঈমান রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ১. আল্লাহর প্রতি ঈমান

দিতীয় অধ্যায়ের শুরুতে উল্লেখ করেছি যে, কুরআন ও হাদীসে বারংবার ৬টি বিষয়ের উল্লেখ করা হয়েছে যেগুলিকে যথাযথভাবে বিশ্বাস করা মুমিনের জন্য অপরিহার্য। আমরা দেখেছি যে, তাওহীদ ও রিসালাতের সাক্ষয এ ৬টি বিষয়ের মূল। এ জন্য আমরা দিতীয় ও তৃতীয় অধ্যায়ে পৃথকভাবে এ দুটি বিষয়ের আলোচনা করেছি। এ অধ্যায়ে আমরা ঈমানের আরকান বা স্তম্ভগুলির বিষয়ে সাধারণভাবে আলোচনা করব।

পূর্বের আলোচনায় আমরা দেখেছি যে, তাওহীদ ও রিসালাতে বিশ্বাসের অর্থ হলো, যে সকল বিষয় আল্লাহর নির্দেশ বা মুহাম্মাদ (ﷺ) এর শিক্ষা বলে প্রমাণিত তা সবই সবই বিশ্বাস করতে হবে। কুরআন ও হাদীস থেকে আমরা দেখি যে, তাওহীদ ও রিসালাতে বিশ্বাস স্থাপনকারী প্রতিটি মুসলিমকে অবশ্যই এ ৬টি বিষয়ের উপর যথাযথ বিশ্বাস স্থাপন করতে হবে। অন্যথায় তার তাওহীদ ও রিসালাতের বিশ্বাসের দাবী মূল্যহীন বলে প্রমাণিত হবে।

## ৪. ১. আল্লাহর প্রতি ঈমান

আমরা দ্বিতীয় অধ্যায়ে তাওহীদের আলোচনায় 'আল-ঈমান বিল্লাহ' বা আল্লাহর প্রতি ঈমানের বিষয়ে বিস্তারিত আলোচনা করেছি। আমরা দেখেছি যে, আল্লাহর প্রতি বিশ্বাসের অর্থই 'তাওহীদ' বা আল্লাহর একত্বে বিশ্বাস। তাওহীদের পর্যায় ও প্রকারগুলি আমরা বিস্তারিত আলোচনা করেছি। কাজেই সেগুলির পুনরাবৃত্তি নিষ্প্রয়োজন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13641

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন